বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

পরিধারণ বিভাগ

**বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের ০৪-০৯-২০১৯ তারিখে অনুষ্ঠিত ৩৬ তম সভার কার্যবিবরণী।**

বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান কার্যালয় ঢাকার অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন মহাবিভাগ এর মহাব্যবস্থাপক মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে বিগত ০৪-০৯-২০১৯ তারিখ সকাল ১১.০০টায় বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়ের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন (আইসিসি) এর মনিটরিং ইউনিট, পরিপালন ইউনিট, নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ দল (আইসিটি) এর ৩৬তম মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিতির তালিকা (পরিশিষ্ট 'ক') সংযুক্ত।

০২। সভাপতির অনুমতি নিয়ে সভার কাজ শুরু হয়। বিগত ০৬-০৮-২০১৯ তারিখে অনুষ্ঠিত ৩৫ তম সভার কার্যবিবরণীর উপর গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপন করেন বিকেবি, প্রধান কার্যালয় ঢাকার পরিধারণ বিভাগের মুখ্য কর্মকর্তা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীমের সদস্য সচিব জনাব মোহাঃ তাওহীদুল ইসলাম। বিস্তারিত আলোচনার পর কতিপয় পদক্ষেপ গ্রহণসাপেক্ষ্যে সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্তসমূহ দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে ৩৬তম সভার আলোচ্য বিষয়াবলী উপস্থাপন করেন সদ্য যোগদানকারী পরিধারণ বিভাগের সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে) জনাব মোহাম্মদ আহাদ খান। বিস্তারিত আলোচনার পর গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নে সন্নিবেশ করা হলো ঃ

ক) কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১) ২১/০৮/২০১৯ তারিখে ১৫৫ নং পত্র হতে জানা যায় যে, ৩০/০৬/২০১৯ তারিখ ভিত্তিক ১৩১ আদায় যোগ্য খাতে ৪৩৬,৫২,১১,৯৪৮.৮৯ টাকা অসমন্বিত রয়েছে। উক্ত বিপুল পরিমান টাকার সময় ভিত্তিক (Age wise) বিবরণী কেন্দ্রীয় হিসাব বিভাগ হতে সংগ্রহ ও পর্যালোচনার সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিষয়টি সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক ব্যবস্থাপকদেরকে তাদের আওতাধীণ শাখাসমূহের অসমন্বিত এন্ট্রি গুলো সমন্বয়ের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করার জন্য নিরীক্ষা বিভাগকে অনুরোধ করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয় (কার্যকরণঃ নিরীক্ষা বিভাগ)।

খ) বর্তমানে বাংলাদেশ কৃষি ব্যাংক এর অনলাইন শাখার সংখ্যা ৪১২ টি আর অফলাইন লাইভ শাখার সংখ্যা ৩৫১ টি। বিগত সভার সিদ্ধান্তের আলোকে এইচআরএমডি-১ এর ২৭/০৮/২০১৯ তারিখের ২০২৪ নং স্মারকমূলে অভ্যন্তরীণ নিরীক্ষা দলে (নিরীক্ষা বিভাগে) ০৩ জন দক্ষ কর্মকর্তার পদায়ন করা হয়েছে। নিরীক্ষা বিভাগ অডিট করার জন্য আইসিটি অডিট গাইডলাইন , আইসিটি সিকুইরিটি পলিসি অনুযায়ী কাজ করবে এবং সকল অনলাইন/অফ লাইন লাইভ শাখা গুলো নিরীক্ষায় প্রয়োজনে সার্পোটি টীম হিসেবে কাজ করবে। উক্ত আইটি অডিট টীম এর কার্যপরিধি নির্ধারণ করে পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে (কার্যকরণঃ নিরীক্ষা বিভাগ)।

গ) বাংলাদেশ কৃষি ব্যাংকের অনেক শাখায় আসবাবপত্র ভাঙ্গাচোরা ও শাখার পরিবেশ অপরিচ্ছন্ন। এ বিষয়ে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সংশ্লিষ্ট বিভাগকে প্রেরণকৃত পত্রের কোন জবাব না পাওয়ায় তাগিদপত্র ইস্যু করা হবে (কার্যকরণঃ প্রকিউরম্যান্ট ও কর্মীকল্যাণ পরিবহন বিভাগ)।

ঘ) মনিটরিং বিভাগের আওতাধীন অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ দল কর্তৃক পরিদর্শনকালীন সময়ে দেখা গেছে অধিকাংশ শাখায় ভোল্ট লিমিট প্রয়োজনের তুলনায় অনেক কম। এ বিষয়ে হিসাব ও জেনারেল ব্যাংকিং ম্যানুয়েল ২০১০ এর ৬.০১ থেকে ৬.০৮ অনুচ্ছেদ যৌক্তিকভাবে সহজীকরণ করা যায় কিনা, এ বিষয়ে সংশ্লিষ্ট বিভাগকে প্রেরণকৃত পত্রের কোন জবাব না পাওয়ায় তাগিদপত্র ইস্যু করা হবে (কার্যকরণঃ শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ)।

ঙ) বিকেবি প্রধান কার্যালয়ের ৮ম ও ৯ম দুটি তলার মধ্যবর্তী প্রায় ৫০০০ বর্গফুটের মত জায়গা ডাম্পিং হিসাবে ব্যবহার হচ্ছে। এ বিষয়ে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের ২৯/১১/২০১৭ তারিখে অনুষ্ঠিত ২৪ তম এবং ২০/১২/২০১৭ তারিখে অনুষ্ঠিত ২৫ তম মাসিক যৌথ সভার সিদ্ধান্ত অনুযায়ী এস্টেড এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, প্রকিউরম্যান্ট বিভাগ, এবং সভাপতি আবাসন ও পুনর্বিন্যাস কমিটিকে ২৩/০১/২০১৮ তারিখে ৭৭৭(২) নং পত্র ১২/০৩/২০১৮ তারিখে ৯৪৪(৩) নং পত্র,১৮/০৪/১৮ তারিখে ১০৪৬(৪) নং এবং ০৭/০৮/২০১৯ তারিখে ৮০ নং পত্র প্রেরণ করা হয়। এ বিষয়টি এখনো সুরাহা না হওয়ায় অসন্তোষ প্রকাশ করা হয় এবং পুনরায় পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয় (কার্যকরণঃএস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং ও প্রকিউরম্যান্ট ও কর্মীকল্যাণ পরিবহন বিভাগ)।

চ) বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েলের সাথে Risk Based Auditing system গাইডলাইন একিভুত করা হলেও বিকেবিতে শাখা/ কার্যালয় নিরীক্ষা কালে Risk Based Auditing system অদ্যবদী চালু হয়নি। এ বিষয়ে সংশ্লিষ্ট বিভাগকে প্রেরণকৃত পত্রের কোন জবাব না পাওয়ায় তাগিদপত্র ইস্যু করা হবে (কার্যকরণঃ নিরীক্ষা বিভাগ)।

ছ) বর্তমানে পিআরএল এ গমণকারী কোন কোন কর্মকর্তা/কর্মচারীর প্রাপ্য আনুতোষিকের চেয়ে কর্মচারী গৃহ নির্মাণ অগ্রিমের দায় বেশী হওয়ার প্রেক্ষিতে পেনশন নিষ্পত্তিকরণ বিলম্বিত হচ্ছে। সভার সিদ্ধান্তমোতাবেক এইচআরএমডি-১ কে বিষয়টির উপর একটি কার্যপত্র ব্যবস্থাপনা সমম্বয় কমিটির সভায় উপস্থাপনের জন্য ০৭/০৮/২০১৯ তারিখে ৭৬ নং পত্র প্রেরণ করা হয়। এ বিষয়ে কোন অগ্রগতি পরিধারণ বিভাগকে অবহিত করা হয়নি বিধায় তাগিদপত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় (কার্যকরণঃ এইচআরএমডি-১)।

চলমান পাতা=০২=

জ) পরিধারন বিভাগের দপ্তরী জনাব ইকরাম আলী বিগত ২০/০৮/২০১৯ তারিখ হতে পি আর এল এ গেছেন । বর্তমানে পরিধারন বিভাগে অফিসের কাজ কর্মে সহযোগিতার জন্য কোন পিয়ন/দপ্তরী নাই। এ বিষয়ে এইচআরএমডি-১ এ ২৬/০৮/২০১৯ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে কিন্তু অদ্যাবধি এ বিষয়ে কোন অগ্রগতি জানা যায়নি। বিষয়টি আলোচনা শেষে সাময়িক ভাবে পরিধারন বিভাগে(পোস্টিং) অফিসের কাজে সহযোগিতায় জরুরী ভিত্তিতে একজন গার্ড (চুক্তিভিত্তিক) নিয়োগ প্রদান করার জন্য প্রকিউরম্যান্ট ও কর্মীকল্যাণ পরিবহন বিভাগকে পত্র লেখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

ঝ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ দল কর্তৃক প্রতি মাসে দুটি শাখা আকস্মিক পরিদর্শন করা হয়। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ দলের সভাপতি বিগত ৩০/০৭/২০১৯ তারিখে পি আর এল এ গেছেন। সভাপতি না থাকার কারনে বিভিন্ন শাখা আকস্মিক পরিদর্শন করা সম্ভব হয় না। সাময়িকভাবে পরিধারন বিভাগের বর্তমান বিভাগীয় দায়িত্বে থাকা সহকারী মহাব্যবস্থাপক জনাব মোহাম্মদ আহাদ খান কে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ দলের সভাপতি করে শাখা পরিদর্শন অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৩। সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ মোক্তার হোসেন)
মহাব্যবস্থাপক
অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন মহাবিভাগ
বিকেবি, প্রকা, ঢাকা।

নং/প্রকা/অনিবিঃপ্রশা-৪৪/২০১৯-২০২০/ ১৩৬৮ তারিখঃ ০৮/০৯/২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ।
০২. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়-১/২, বিকেবি, প্রধান কার্যালয়,ঢাকা ।
০৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪. উপমহাব্যবস্থাপক, পরিপালন বিভাগ/ নিরীক্ষা বিভাগ-(সভাপতি, নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট, আইসিসি)/ আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আইসিটি সিস্টেমস্ বিভাগকে অনুরোধ করা হলো।
০৫. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা / মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬. সকল আঞ্চলিক ব্যবস্থাপক / আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭. সকল সদস্য, অভ্যন্তরীণ নিয়ন্ত্রন টিম(আইসিটি), পরিধারন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৮. নথি/মহানথি।

(মোহাম্মদ আহাদ খান)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
পরিধারন বিভাগ এবং সভাপতি
মনিটরিং ও পরিপালন ইউনিট
বিকেবি, প্রকা, ঢাকা।

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

পরিশিষ্ট 'ক'

## পরিধারন বিভাগ

অদ্য ০৪-০৯-২০১৯ ইং তারিখ, মহাব্যবস্থাপক(অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন মহাবিভাগ) মহোদয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার সভাপতিত্বে অনুষ্ঠিত অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন (আইসিসি) এর ৩৬ তম মাসিক সভায় উপস্থিতির তালিকা।

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | ইউনিট পদবী |
|---|---|---|
| ০১। | জনাব মোহাম্মদ আহাদ খান<br>সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), পরিধারণ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সভাপতি<br>মনিটরিং ও পরিপালন ইউনিট |
| ০২। | জনাব শেখ মোহাম্মদ ফারুক<br>সহকারী মহাব্যবস্থাপক, নিরীক্ষা বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট<br>(বিভাগের পক্ষে) |
| ০৩। | জনাব এ.এইচ.এম. মাহবুবুল বাসেত ভূঞা<br>সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), পরিপালন বিভাগ ,বিকেবি,প্রকা, ঢাকা । | সদস্য<br>নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট |
| ০৪। | জনাব সাহা শংকর প্রসাদ<br>সহকারী মহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা । | মনিটরিং ও পরিপালন ইউনিট<br>(বিভাগের পক্ষে) |
| ০৫। | জনাব এস এম সোহেল রানা<br>মুখ্য কর্মকর্তা, আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম |
| ০৬। | জনাব মোস্তাফিজুর রহমান<br>মুখ্য কর্মকর্তা, নিরীক্ষা বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম |
| ০৭। | জনাব মোঃ হাবিবুর রহমান<br>মুখ্য কর্মকর্তা, আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা । | সদস্য<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম |
| ০৮। | কে এম হাসানুজ্জামান<br>কর্মকর্তা, পরিপালন বিভাগ ,বিকেবি, প্রকা, ঢাকা । | সদস্য<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম |
| ০৯। | জনাব মোহাঃ তাওহীদুল ইসলাম<br>মুখ্য কর্মকর্তা, পরিধারণ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা । | সদস্য সচিব,অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম<br>মনিটরিং ও পরিপালন ইউনিট |

08/09/2019

(মোহাম্মদ আহাদ খান)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
পরিধারন বিভাগ এবং সভাপতি
মনিটরিং ও পরিপালন ইউনিট
বিকেবি, প্রকা, ঢাকা।